



দায়িত্বশীলভাবে উল্লুক পর্যবেক্ষনের জন্য নির্দেশনা

A publication of The IUCN SSC Primate Specialist
Group Section on Human-Primate Interactions



IUCN
PRIMATES
SECTION ON
SMALL APES

Jessica Williams¹, Fan Peng-Fei², Susan M. Cheyne³, Dilip Chetry⁴, Alison Behie¹

¹ The Australian National University, Canberra, Australia

² Sun Yat-Sen University, Guangzhou, China

³ IUCN SSC Primate Specialist Group Section on Small Apes, UK

⁴ Primate Research and Conservation Division, Aaranyak, Guwahati, Assam, India.

Translation by: **Marjan Maria**

Translation edited by: **Hassan Al-Razi**

ভূমিকা

উল্লুক-কেন্দ্রিক পর্যটনকে একটি কার্যকরী সংরক্ষণের হাতিয়ার হিসেবে ব্যবহার করার সম্ভাবনা রয়েছে, যা এদের প্রাকৃতিক আবাসস্থল রক্ষা করতে সাহায্য করবে এবং বন্যপ্রাণীর প্রতি মানুষের আগ্রহ এবং সচেতনতা বৃদ্ধি করবে। বর্তমানে যে বন গুলো অবৈধ গাছকাটা, কৃষি সম্প্রসারণ এবং মানুষের সংখ্যা বৃদ্ধির কারণে প্রত্যক্ষ ভাবে হুমকির সম্মুখীন, সেসব বনে উল্লুক-কেন্দ্রিক পর্যটন বনভূমির টেকসই ব্যবহারের ক্ষেত্রে একটি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে। গাইড, পর্যটক এবং প্রাণীদের স্বাস্থ্য এবং কল্যাণকে অবশ্যই সর্বদা অগ্রাধিকার দিতে হবে এবং আমরা আশা করি যে নিম্নে দেয়া সুপারিশগুলি সে ক্ষেত্রে সহযোগিতা করবে। বন্য পরিবেশে উল্লুক বা বনমানুষের বেঁচে থাকা নিশ্চিত করাই সর্বদা এই ধরনের প্রচেষ্টার মূল লক্ষ্য। পাশাপাশি উল্লুক-কেন্দ্রিক পর্যটন, টেকসই সংরক্ষণ প্রচেষ্টা এবং স্থানীয় সম্প্রদায়ের কল্যাণের ক্ষেত্রে ইতিবাচক ভূমিকা রাখতে পারে।

আমাদের উদ্দেশ্য এই যে, এই সুপারিশগুলি বর্তমান এবং ভবিষ্যতের পর্যটন প্রোগ্রামগুলির ক্রিয়াশীল নকশা এবং পরিচালনা নিশ্চিত করার মাধ্যমে হুমকির মুখে থাকা বানর গোত্রীয় প্রাণীদের পাশাপাশি ইন্দো-বার্মা জীববৈচিত্র্য হটস্পটের অন্যান্য প্রাইমেটদের জন্য সংরক্ষণ নীতিমালা উন্নত করতে সাহায্য করবে।

সুপারিশ সমূহ

আপনার ভ্রমণের পূর্বে

- ট্যুর অপারেটর/ট্যুর গাইড বাছাই করার সময়, উল্লুকের আচরণ এবং স্বাস্থ্যের উপর নেতিবাচক প্রভাবগুলি কমাতে এই নথিতে তালিকাভুক্ত সুপারিশগুলি সম্পর্কে তারা সচেতন কিনা তা যাচাই করে নিন।

- এমন একটি পর্যটন সাইট বেছে নিন যা সংরক্ষণকে প্রচার এবং সমর্থন করে এবং স্থানীয়দের কর্মসংস্থান এবং রাজস্ব ভাগাভাগির মাধ্যমে স্থানীয় মানব সম্প্রদায়কে সহায়তা করে।
- যেখানে সম্ভব সরাসরি সেবাদানকারীদের সাথে যোগাযোগ করুন এবং সংরক্ষণের প্রচেষ্টার প্রতি তাদের প্রতিশ্রুতি, স্থানীয় সম্প্রদায়ের সম্পৃক্ততা এবং উল্লুক দেখার সময় পর্যটক হিসাবে আপনার প্রভাবকে কীভাবে হ্রাস করা যায় (যেমন, পোশাক এবং আচরণ) সে সম্পর্কে তথ্যের জিজ্ঞাসা করুন।
- উল্লুক দেখতে যাবার আগের দিনগুলিতে, ব্যক্তিগত স্বাস্থ্যবিধি সম্পর্কে বিশেষভাবে সচেতন থাকুন (যেমন, নিয়মিত হাত ধোয়া, সামাজিক দূরত্ব, জনসমাগমের জায়গায় মাস্ক পরা)।
- COVID-19 মহামারীর মতো রোগের প্রাদুর্ভাবের সময় উল্লুক পর্যটন স্থানগুলি পরিদর্শন করবেন না (এই সময়ের মধ্যে দূর থেকে পর্যটন স্থানগুলিকে সমর্থন করার কথা বিবেচনায় রাখুন)।
- রোগ সংক্রমণের সম্ভাব্যতা সম্পর্কে তথ্য প্রদান করতে পারে এবং আপনার ও উল্লুকদের জন্য রোগের সংক্রমণের ঝুঁকি কমিয়ে দেয়, শুধুমাত্র সেইসব ট্যুরে অংশগ্রহণ করুন।
- আপনি যদি কোনোভাবে অসুস্থ বোধ করেন তবে উল্লুক দেখতে যাবেন না (যদি সম্ভব হয়, আপনার ভ্রমণের সময়সূচী পুনঃনির্ধারণ করুন)।

আপনার ভ্রমণের সময়

- যদি স্বাস্থ্য সম্পর্কীয় কোন তথ্য প্রদান করতে বলা হয়, তাহলে সততার সাথে সমস্ত প্রশ্নের উত্তর দিন।
- আগমনের পরে গাইড আপনার শরীরের তাপমাত্রা পরীক্ষা করতে চাইলে সম্মতি প্রদান করুন।
- মনোযোগ দিয়ে গাইডের প্রদান করা নির্দেশাবলী শুনুন এবং পালন করুন।
- যেভাবে উল্লুককে বিরক্ত করা থেকে বিরত থাকবে:
 - চোখে লাগে না এমন রঙের পোশাক (যেমনঃ প্রাকৃতিক সবুজ, বাদামী, ধূসর, কালো) পরিধান করা।
 - শান্ত থাকা এবং আশু কথা বলা।
 - মোবাইল ফোনগুলিকে সাইলেন্ট রাখা।
 - ছবি তোলার সময় ফ্ল্যাশ ব্যবহার সীমিত করা।
 - গ্রুপে জনসংখ্যা সীমিত রাখাই ভালো। ক্ষেত্র বিশেষে এর ব্যতিক্রম করা যেতে পারে। যদি ব্যতিক্রম হয় তবে ব্যতিক্রমগুলি বৈজ্ঞানিক প্রমাণের উপর ভিত্তি করে বা কমপক্ষে অভিজ্ঞ গাইড দ্বারা পর্যবেক্ষণ করা হয়েছে তা নিশ্চিত করুন।

- যখন উল্লুকরা স্বাভাবিকভাবে সবচেয়ে বেশি সক্রিয় থাকে তখন উল্লুক পর্যবেক্ষনের জন্য যান (সাধারণত সকালে) এবং পর্যবেক্ষণকে সর্বোচ্চ 1-ঘন্টা/দিনে সীমাবদ্ধ করুন।
- উল্লুকের উপস্থিতিতে মাস্ক পরিধান করুন এবং নিজেকে জীবাণুমুক্ত করতে পর্যবেক্ষনের আগে এবং পরে ভালোভাবে হাত ধুয়ে ফেলতে ভুলবেন না। যদিও আপনি উল্লুক বা কোনো বন্যপ্রাণীকে স্পর্শ করতে পারবেন না, তবে আপনি দুর্ঘটনাক্রমে গাছ এবং অন্যান্য কিছু স্পর্শ করতে পারেন।
- উল্লুকের থেকে কমপক্ষে ৭ মিটার (২৩ ফুট) দূরে থাকুন (উল্লুকগুলি যদি তারা আপনার কাছে আসে তাহলে আপনাকে দূরে সরে যেতে হতে পারে)।
- বনে কোন আবর্জনা বা শরীরিক বর্জ্য (মল, মূত্র, সর্দি, কফ ইত্যাদি) ফেলবেন না।
- উল্লুকের কাছাকাছি থাকা অবস্থায় খাওয়া থেকে বিরত থাকুন এবং বনে থাকাকালীন সময় সব খাবার মুখবন্ধ পাত্রে রাখুন।